

আপনার ক্রেডিট স্কোরের মধ্যেই আপনার মূল্যায়ন সীমাবদ্ধ নয়।

NYC সম্মত। একটি নতুন আইন, আপনাকে কাজে নিয়োগ করা হবে কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার দিক থেকে অধিকাংশ ব্যবসাকে আপনার ক্রেডিট ইতিহাস দেখতে বা ব্যবহার করতে দেওয়ার উপরে বাধা নিষেধ আরোপ করেছে।

কর্মচারী এবং চাকরি খুঁজছেন এমন ব্যক্তিদের জন্য তথ্য

নিয়োগকর্তা **আপনার ক্রেডিট যাচাই করতে পারবে না** বা আপনার ক্রেডিট যাচাই করে দেখতে অন্য কোনো কোম্পানিকে নিয়োগ করতে পারবে না। কোনো নিয়োগকর্তা যাতে আপনার ক্রেডিট যাচাই করতে পারে তার জন্য আপনাকে কোনো নথিতে সই করতে বললে বুঝতে হবে যে তারা আইন লঙ্ঘন করেছে। আপনার ক্রেডিট ইতিহাস যাচাই করতে নিয়োগকর্তারা উপভোক্তা রিপোর্টিং সংস্থা বা তৃতীয় পক্ষের কোম্পানি, পরিষেবা এবং ওয়েবসাইট ব্যবহার করতে পারবে না।

নিয়োগকর্তারা আপনার অর্থপ্রদানের ইতিহাস বা ক্রেডিট যোগ্যতা, ক্রেডিট অবস্থান বা আপনার কত ক্রেডিট আছে সেই সমস্ত তথ্যও **জিজ্ঞাসা করতে পারবে না**। এর অন্তর্ভুক্ত হল ক্রেডিট কার্ডের ঋণ, চাইল্ড সাপোর্ট, ছাত্র ঋণ, বন্ধকী সম্পত্তি অধিগ্রহণ, অর্থপ্রদান না করা বা দেরিতে করা, দেউলিয়া হয়ে যাওয়া, বিচার এবং পূর্বস্বস্থ। আপনি বর্তমানে কর্মরতই থাকুন বা চাকরির খোঁজই করুন – উভয় ক্ষেত্রেই এই আইনটি প্রযোজ্য।

ক্রেডিটের ভিত্তিতে করা চলবে না **ক্রেডিটের ভিত্তিতে করা চলবে না**। NYC Human Rights Law (NYC মানব অধিকার আইন) অনুসারে, বর্তমান বা সম্ভাব্য কর্মচারীদের বিষয়ে কর্মনিয়োগের সিদ্ধান্ত নেওয়ার সময়ে নিয়োগকর্তারা ক্রেডিটের বিষয় বিবেচনায় রাখতে পারবে না।

এই আইনে, আপনাকে কোনো পদে নিয়োগ করতে আপনার যোগ্যতা খতিয়ে দেখতে আপনাকে আপনার রিজিউম এবং রেফারেন্স চাওয়া সমেত আপনার অতীত ইতিহাস এবং অভিজ্ঞতার বিষয়ে খোঁজখবর করা এবং অনলাইনে খোঁজখবর করা (যেমন Google এবং LinkedIn) থেকে নিয়োগকর্তাদের বাধা দেওয়া হয় না।

আমার নিয়োগকর্তার উপরে কি NYC মানবিক অধিকার আইন প্রযোজ্য?

অধিকাংশ ক্ষেত্রে, হ্যাঁ আওতায় পড়েন। চার বা তার বেশি কর্মচারী থাকা নিয়োগকর্তারা এই আইনের আওতায় পড়ে এবং স্বতন্ত্র মালিকদেরও এই সংখ্যায় ধরা হয়। চারজন কর্মচারীকে একই জায়গায় কাজ করতে হবে বা সবাইকে NYC তে কাজ করতে হবে এমন কোনো কথা নেই।

আমি কি NYC মানবিক অধিকার আইনের আওতায় পড়ি?

অধিকাংশ ক্ষেত্রে, হ্যাঁ আওতায় পড়েন। NYC মানবিক অধিকার আইন অনুসারে অনেকের অধিকার সুরক্ষিত রয়েছে, এমনকি তারা পূর্ণ সময়ের কর্মচারী না হলেও। ইনটার্ন, নথিভুক্ত না থাকা কর্মী, ঘরোয়া কাজের লোক, অনেক স্বাধীন কনট্রাক্টর এবং শিক্ষানবিশ এবং অর্ধ সময়ের কর্মচারী সবাই আইনের অধিকারের আওতায় আসেন।

তবে কিছু নির্দিষ্ট পদে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়ার সময়ে নিয়োগকর্তারা এখনও সম্ভাব্য কর্মচারীকে তার ক্রেডিট ইতিহাস জিজ্ঞাসা করতে পারবে, ক্রেডিট যাচাই করতে পারবে এবং ক্রেডিট ইতিহাস ব্যবহার করতে পারবে। নিয়মের এই ছাড়গুলি কোনো নিয়োগকর্তা বা ইন্ডাস্ট্রিতে সামগ্রিক ভাবে প্রযোজ্য হয় না; শুধুমাত্র নির্দিষ্ট কিছু চাকরির ক্ষেত্রেই প্রযোজ্য হয়। এই সমস্ত পদের ক্ষেত্রে ছাড় রয়েছে:

- পুলিশ এবং শান্তিরক্ষার কাজে নিযুক্ত অফিসার (ব্যক্তিগত নিরাপত্তা রক্ষী নয়); এবং
- এম্বুলিউন্সের স্তরের চাকরি যেখানে ফাইন্যান্স, কম্পিউটার নিরাপত্তা বা বাণিজ্য গোপনীয়তায় নিয়ন্ত্রণ রয়েছে।

ব্যাঙ্ক টেলার, ক্যাশিয়ার, মুভার, নির্মাণ কাজে জড়িত ব্যক্তি, সেলসের কাজে নিযুক্ত ব্যক্তি, করণিকের কাজে বা প্রশাসনীয় কাজে নিযুক্ত ব্যক্তি এবং রেস্টোরাঁ এবং বারে কাজ করা ব্যক্তি বা এই ধরনের কাজের জন্য দরখাস্ত করা ব্যক্তি এই আইনের আওতায় সুরক্ষিত থাকেন। এই ধরনের কর্মীদের এবং অন্যান্য অধিকাংশ ধরনের চাকরিতে কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে নিয়োগকর্তারা ক্রেডিট ইতিহাস বিবেচনা করতে পারবে না।

এই আইন কি হাউজিংয়ের ক্ষেত্রে প্রযোজ্য হয়?

না, এই আইন শুধুমাত্র কর্মনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হয়। সম্পত্তি ভাড়া দেওয়া বা বিক্রি করার মতো সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে কিন্তু ক্রেডিট ইতিহাস বিবেচনা করা যাবে।

কোনো নিয়োগকর্তা আমার ক্রেডিট যাচাই করলে আমার কী করা উচিত?

(212) 416-0197 নম্বরে কল করুন এবং মানবিক অধিকারের কমিশনের (Commission on Human Rights) সঙ্গে কথা বলুন। আমরা আপনাকে আপনার না পাওয়া পারিশ্রমিক এবং অন্যান্য ক্ষয়ক্ষতি পূরণ করতে সহায়তা করতে পারব এবং আইন লঙ্ঘন করার জন্য আমরা নিয়োগকর্তাকে ক্ষতিপূরণ দিতে বলতে পারব।